গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.০০০০.০৪২.২০.০০১.১৭.১০৫৫

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সিজিএ ভবন (৪র্থ তলা, গেইট নং-৪)
সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল ও ডাকবাংলো নির্মাণ উপখাতের অর্থ ছাড়।

আদিষ্ট হয়ে ২০১৭-২০১৮ অর্থ বছরে আরএডিপি বরাদ্দের আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোকের ''অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল ও ডাকবাংলো নির্মাণ'' উপখাতের বরাদ্দকৃত ৪২.৫০ কোটি (বেয়াল্লিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকার ৪র্থ কিস্তি বাবদ ১৮.১২৫ কোটি (আঠার কোটি বার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ছাড়ের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। বিস্তারিত বরাদ্দ নিম্নে প্রদর্শিত:

ক্রমিক নং	জেলা পরিষদের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)	ক্রমিক নং	জেলা পরিষদের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১.	নরসিংদী	১২০.০০	১৩.	লালমনিরহাট	৫০.০০
২.	ফরিদপুর	৪৫০.০০	১৪.	রংপুর	৯০.০০
৩.	শরীয়তপুর	২০.০০	১৫.	খুলনা	৫০.০০
৪.	মাদারীপুর	৫০.০০	১৬.	বাগেরহাট	৫৫.০০
৫.	জামালপুর	৫২.৫০	১৭.	যশোর	৫০.০০
৬.	ময়মনসিংহ	৫০.০০	১৮.	মাগুরা	৫০.০০
৭.	রাজশাহী	২৫.০০	১৯.	কুষ্টিয়া	১০০.০০
৮.	নওগাঁ	১২০.০০	২০.	বরিশাল	২০.০০
৯.	বগুড়া	২৫.০০	২১.	ভোলা	১৪৫.০০
১০.	দিনাজপুর	৫০.০০	২২.	পটুয়াখালী	৫০.০০
১১.	পাবনা	১২০.০০	২৩.	সুনামগঞ্জ	২০.০০
১২.	গাইবান্ধা	৫০.০০		মোট=	১৮১২.৫০

(আঠার কোটি বার লক্ষ পঞ্চাশ হাজার)

২। উক্ত অর্থ চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের মঞ্জুরি নং-৩৪ হিসাবের খাত-৫/৩৭০১/৫০৮০/৭৯৮১ জেলা পরিষদ বাবদ থোক উপ-খাত এর বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা হবে।

৩। জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিবগণ (যেখানে প্রধান নির্বাহী কর্মকর্তা নেই) বরাদ্দকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ ব্যয়, হিসাব ও রেকর্ডপত্র অডিটের জন্য সংরক্ষণ করবেন।

৪। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে। অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

৫। এ অর্থ ছাড়ের বিষয়ে অর্থ বিভাগের ১৯/৪/২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১৭৭ নং স্মারকে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

07/06/2018

(ড. জুলিয়া মঈন)
উপ সচিব
Email-lgzp@lgd.gov.bd
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Com-1\D:\2017-2018\ADP 2017-2018\Go\GO Auditorium.doc-5

নং-৪৬.০০.০০০০.০৪২.২০.০০১.১৭.১০৫৫/২(৫৬)

তারিখ ঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ উপসচিব, বাজেট শাখা-১১)।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ----------------------।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -------------------------।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

07/06/2018
(ড. জুলিয়া মঈন)
উপ সচিব

৩৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১৭৭ তারিখ ঃ ১৯/০৪/২০১৮ খ্রিঃ

বিষয় ঃ- ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত উন্নয়ন বাজেটভুক্ত প্রকল্পের অর্থ ছাড়করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ''জেলা পরিষদ উন্নয়ন সহায়তা'' খাত (কোড নম্বর-৫০৮০) এর অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত উন্নয়ন বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে নিম্নের স্মারণির বিভাজনের ৪ ও ৫নং কলামে বর্ণিত মতে এবং নিম্নের শর্তের আলোকে নিম্নবর্ণিত উপখাতের ৪র্থ কিস্তির মোট ১৫৫.০০ কোটি (একশত পঞ্চান্ন কোটি) টাকা ছাড়ে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলোঃ

(কোটি টাকায়)

ক্রমিক নং	উপখাতের নাম	আরএডিপি বরাদ্দ/বিভাজন	ছাড়কৃত অর্থের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫
১.	সাধারণ বরাদ্দ	৩০০.০০	৭৫.০০	৪র্থ কিস্তি
২.	সংরক্ষিত বরাদ্দ	১১৮.৫০	৪৩.৫০	
৩.	অডিটরিয়াম-কাম-মাল্টিপারপাস হল ও ডাক বাংলো নির্মাণ	৪২.৫০	১৮.১২৫	
৪.	চলমান প্রকল্প বাস্তবায়ন	৩০.০০	৭.৫০	
৫.	কবরস্থান ও শ্মশান নির্মাণ	১৫.০০	৩.৭৫	
৬.	দেশ ও বিদেশে প্রশিক্ষণমূলক পরিদর্শন	৪.০০	২.১২৫	
৭.	অপ্রত্যাশিত খাত	২০.০০	৫.০০	
	মোট ঃ	৫৩০.০০	১৫৫.০০	

(১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
(৩) পরবর্তী কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে প্রস্তাবিত অর্থ ব্যয়ের বিবরণী প্রেরণ করতে হবে;
(৪) জেলা পরিষদের রাজস্ব আয়, আয়তন, জনসংখ্যা ও অন্যান্য সূচক বিবেচনায় নিয়ে জরুরী ভিত্তিতে 'জেলা পরিষদ উন্নয়ন তহবিল নির্দেশিকা' পরিপত্র জারী করতে হবে।

২। তাছাড়া লক্ষ্য করা যাচ্ছে যে, সাধারণ বরাদ্দ উপখাতে কম হারে এবং সংরক্ষিত (থোক) বরাদ্দ উপখাতে বেশী হারে বরাদ্দ প্রদান করা হচ্ছে। তাই স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরণের লক্ষ্যে সংরক্ষিত (বিশেষ থোক) খাতের বরাদ্দ যথাসম্ভব কম রাখা (১০-১৫% এর মধ্যে সীমাবদ্ধ রাখা) এবং সুষম উন্নয়ন ও আঞ্চলিক বৈষম্য নিরসনের লক্ষ্যে সাধারণ (নিয়মিত বরাদ্দ) খাতে বেশি বরাদ্দ (৭০% বা তদুর্দ্ধ) রাখার লক্ষ্যে উন্নয়ন সহায়তা খাতের বরাদ্দের বিভাজনের একটি যথাযথ নীতিমালা প্রণয়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১৯/০৪/২০১৮
(মোঃ হেলাল উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

১। সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি , মৌচাক টাওয়ার (১১ তলা), মালিবাগ মোড়, ঢাকা।
(উপর্যুক্ত সম্মতি পত্রের নির্দেশনা অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অর্থ বিভাগকে অবহিত করে সরকারী আদেশ জারি করা হলে তদনুযায়ী অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)।

F:\SHAHANUR\documents\GO1.doc